দৈনিক খবর

তারিখ 01 JUN 1998
পৃষ্ঠা ৬ কলাম ৬

৭৪

# টঙ্গীতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার উপর আলোচনা সভা

● মোঃ সিদ্দিকুর রহমান ● টঙ্গী (গাজীপুর), ৩১শে মে।– বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা সামাজিকভাবে উদ্বুদ্ধকরণ উপলক্ষে গত ২৫শে মে টঙ্গী পৌর এলাকায় দত্তপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে দুপুর ১২টায় এবং নোয়াগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে বিকাল ৩টায় পৃথক পৃথক দু'টি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন মোঃ কলিম উদ্দিন। উপ–পরিচালক প্রাথমিক শিক্ষা ঢাকা বিভাগ। সহকারী পৃষ্ঠপোষক হিসেবে ছিলেন মোঃ নূরুল হক। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার গাজীপুর। আমন্ত্রিত অতিথি হিসেবে ছিলেন কাজী নূরুল ইসলাম। প্রাথমিক শিক্ষা ঢাকা বিভাগ।

কলিম উদ্দিন তার বক্তব্যে বলেন শিক্ষাই জাতির মেরুদন্ড। শিক্ষা ছাড়া কোন জাতির উন্নয়ন হতে পারে না। ফলে বাধ্যতামূলক শিক্ষার জন্য সামাজিকভাবে শিশু–কিশোর ও ছাত্র–ছাত্রীদের উদ্বুদ্ধ করতে হবে। কলিম উদ্দিন স্কুল পরিচালনা পরিষদের উদ্দেশ্যে বলেন যে সকল ছাত্র–ছাত্রী নিয়মিত স্কুলে আসে না, তাদের বাড়ী বাড়ী গিয়ে ছাত্র–ছাত্রীর অভিভাবকদের সহযোগিতায় ছেলে মেয়েদেরকে স্কুলে আসার ব্যবস্থা করতে হবে।

তিনি বলেন, আমাদের দেশে স্বাধীনতা লাভের ২১ বছর পর শিক্ষার হার দাঁড়িয়েছে ১৬%–১৭%–এ। অথচ পৃথিবীর উন্নত দেশের দিকে তাকালে দেখা যায় তারা ৯০%–১০০% ভাগ লোক শিক্ষিত। পৃথিবীতে বহু দেশ আমাদের দেশের পরে স্বাধীনতা লাভ করেছে কিন্তু তাদের শিক্ষার হার আমাদের চেয়ে অনেক বেশী।

সভায় সভাপতিত্ব করেন টঙ্গী থানা শিক্ষা অফিসার জাহানারা বেগম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ফেরদোসা আক্তার, মোঃ মজিবুর রহমান, মোঃ আব্দুস সালাম, মোঃ ইসমাইল হোসেন, মোঃ সালামত উল্লাহ্ মাষ্টার, মোঃ সামসুদ্দিন ও নূরুদ্দিন প্রমুখ। সভা দু'টি পৃথক পৃথকভাবে পরিচালনা করেন মোঃ আবুবকর ছিদ্দিক ও মোঃ সিরাজুল ইসলাম।